



তথ্যবিবরণী

নম্বর-২৫৭

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসবেন

রাজশাহী; ৩১ বৈশাখ (১৪ মে):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি আগামীকাল বুধবার (১৫ মে) পাঁচ দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। রাত আটটায় তিনি সড়কপথে রাজশাহীর পুঠিয়াস্থ বিড়ালদহ নিজ বাসভবনে এসে পৌঁছবেন।

বৃহস্পতিবার (১৬ মে) সকাল নয়টায় প্রতিমন্ত্রী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দিন আহমেদ সিনেট ভবনে ২৩তম ইন্টারন্যাশনাল ম্যাথমেটিক্যাল কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। দুপুর বারোটায় পদার্থ বিজ্ঞান বিভাগের এলামনাস, বিশিষ্ট ব্যবসায়ী ও কলামিস্ট মরহুম মনোয়ারুল হক এর মৃত্যুতে স্মরণ সভায় যোগদান করবেন। বিকাল সাড়ে তিনটায় পদার্থ বিজ্ঞান বিভাগের এ্যামনাই এ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সভায় সভাপতি হিসেবে যোগদান করবেন।

শুক্রবার (১৭ মে) বিকাল চারটায় তিনি পুঠিয়াস্থ বিড়ালদহের নিজ বাসভবনে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত চেক বিতরণ করবেন।

শনিবার (১৮ মে) সকাল দশটায় রাজশাহী আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩ পর্যায় এর আওতায় রাজশাহী জেলার পানচাষীদের প্রশিক্ষণ উদ্বোধন এবং বিআরডিবি'র সদর দপ্তর জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। বিকাল তিনটায় পুঠিয়া উপজেলায় সমবায়ভিত্তিক কৃষি কার্যক্রমের উদ্বোধন ও বিআরডিবি'র সমবায়ীদের সাথে মতবিনিময় করবেন।

পরদিন রবিবার (১৯ মে) সকালে প্রতিমন্ত্রী সড়কপথে ঢাকার উদ্দেশে রাজশাহী ছেড়ে যাবেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১১.৫০